FEB. 6 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# পড়াশোনার সুযোগ

## রাশিয়া

পৃথিবীর প্রায় সব দেশই উচ্চশিক্ষার জন্য উন্মুক্ত। অনেকে ইচ্ছা এবং সামর্থ্য থাকা সত্ত্বেও নিয়মকানুন জানার অভাবে বিদেশে লেখাপড়ার ব্যাপারে অগ্রসর হতে চায় না। আমাদের দেশের তুলনায় বিশ্বের অন্যান্য দেশে শিক্ষার ব্যাপারে শিক্ষার্থীদের অনেক সুযোগ-সুবিধা রয়েছে। মজার ব্যাপার হচ্ছে, ইউরোপের কোন একটি দেশে পড়ালেখা করলে ইউরোপ মহাদেশের যে কোন দেশে বিমান/বাস বা ট্রেনে ভ্রমণ করার সময় প্রচুর কনসেশন পাওয়া যায়। এ জন্য শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হয় কনসেশন কার্ড। এ ছাড়াও শিক্ষার্থীদের International Youth Card দেয়া হয়, যার সাহায্যে শিক্ষার্থীরা বিভিন্ন দেশে ভ্রমণ, থাকা এবং অন্যান্য সুবিধা পেতে পারে। ইউরোপে পড়াশোনার ব্যাপারে আজ থাকছে রাশিয়ায় লেখাপড়ার যাবতীয় তথ্য।

বিদেশে লেখাপড়ার ব্যাপারে কিছু নিয়মকানুন অতিক্রম করতে হয়, যার জন্য অনেকটা সময় শুধু এ ব্যাপারেই ব্যয় করতে হয়। সুতরাং যাঁরা বিদেশে লেখাপড়া করতে চান তাঁদের অবশ্যই ৭-৮ মাস বা এক বছর আগেই চেষ্টা শুরু করতে হবে।

**শিক্ষাবর্ষ ঃ** রাশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষাবর্ষ শুরু হয় জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে। **ভর্তির যোগ্যতা ঃ** উচ্চ মাধ্যমিক বা এর সমমান। **ভাষা বা শিক্ষার মাধ্যম ঃ** রাশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোতে সাধারণত রাশিয়ান ভাষায় শিক্ষা দেয়া হয়। তবে ইংরেজী মাধ্যমেও পড়াশোনা করা যায়।

**শিক্ষা ব্যয় ঃ** রাশিয়ায় যদি আপনি রাশিয়ান ভাষায় পড়ালেখা করতে চান তাহলে বছরে সব কিছু মিলে আপনার খরচ হবে ৯০০-১৪০০ ডলার। আবার যদি ইংরেজী মাধ্যমে পড়ালেখা করতে চান তাহলে বছরে আপনার খরচ হবে ১২০০-৫০০০ ডলার। অর্থাৎ একজন ছাত্রের জন্য রাশিয়ায় মাসে ৩-৪ হাজার টাকাই যথেষ্ট!

**স্কলারশিপ ঃ** রাশিয়ার যে কোন বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপ পাওয়ার পূর্বশর্ত হলো আপনাকে রাশিয়ান ভাষায় অবশ্যই দক্ষ হতে হবে। আপনি যদি কোন বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপের জন্য আবেদন করেন তাহলে আবেদনের সাথে অবশ্যই আপনার রাশিয়ান ভাষা শিক্ষার ওপর দক্ষতার সনদপত্র সংযোজন করতে হবে। আপনি যদি রাশিয়ায় স্কলারশিপ (ব্যক্তিগত যোগাযোগেও লাগবে) নিয়ে পড়তে যেতে চান তাহলে রাশিয়ান কালচারাল সেন্টার থেকে রাশিয়ান ভাষার ওপর একটি পূর্ণাঙ্গ কোর্স সম্পন্ন করতে পারেন।

**রাশিয়ায় পড়ালেখার সুবিধা ঃ** বিদেশে যারা পড়ালেখার উদ্দেশ্য নিয়ে যেতে চায় তাদের অনেকেরই ইচ্ছা থাকে লেখাপড়ার পাশাপাশি খণ্ডকালীন চাকরি করার। রাশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোও জুন থেকে মধ্য আগস্ট পর্যন্ত গ্রীষ্মকালীন ছুটি থাকে। এ সময় রাশিয়ায় অধ্যয়নকারীরা ইউরোপের বিভিন্ন দেশ যেমন—পোল্যান্ড, হল্যান্ড, ইতালি, জার্মানি প্রভৃতি দেশে গিয়ে খণ্ডকালীন চাকরির সুযোগ নিতে পারেন। এ ছাড়া এখানে টোফেল বা আনুষঙ্গিক কোর্সের স্কোর বাধ্যতামূলকভাবে চাওয়া হয় না।

**রাশিয়ায় যেসব বিষয়ে পড়ালেখা করা যায় ঃ** এগ্রিকালচার, কম্পিউটার সায়েন্স, অর্থনীতি, আইন, ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল প্রভৃতি বিষয়ে আন্ডার গ্র্যাজুয়েট এবং মাস্টার্স ও পিএইচডি করা যায়।

যেসব শিক্ষার্থী উল্লিখিত বিষয়ের ওপর আন্ডার গ্র্যাজুয়েট, মাস্টার্স এবং পিএইচডি করতে ইচ্ছুক তাঁদের জন্য রাশিয়ার কিছু নামকরা বিশ্ববিদ্যালয়ের নাম-ঠিকানা উল্লেখ করা হলো। আপনারা এই ঠিকানায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করে ভর্তি এবং স্কলারশিপের যাবতীয় তথ্য পেতে পারেন।

1. KAZAN STATE UNIVERSITY, 420008 Tatarstan, Kazan, UL. Lenina-18. 2. MARI STATE UNIVERSITY. 424001 Mari Republic. El Yoshkar-ola. P1. Lenina-1.
3. PETROZAVODSK STATE UNIVERSITY. 185640 Karelia. Petrozavodsk. Pr. Lenina-33.
4. RUSSIAN PEOPLES FRIENDSHIP UNIVERSITY. 117198 Moscow. U1. Miklukho. Maklaya-6.
5. ALTAY STATE UNIVERSITY, 656099 Barnaul, U1, Dimitrova-66.
6. KUBAN STATE UNIVERSTIY, 350040 Krasnodar, Stavropolskaya. U1. 149. 7. MOSCOW M.V. LOMONOSOV STATE UNIVERSITY. 11723 Moscow. Leninskiye gory. Russia. 8. MOSCOW STATE OPEN UNIVERSITY. 129805 Moscow. U1. Pavla korehagina 22.

সোহেল রহমান